

অন্যান্য সামাজিক দায়িত্ব পালন ও অনুষ্ঠান :-

- ক। ১৪ই এপ্রিল ডঃ বি. আর. আশ্বেদকর-এর ১২৮তম জন্মদিবস পালন।
- খ। ৮ই মে (২৫শে বৈশাখ) - কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭ তম জন্মোৎসব পালন।
- গ। ১৮ই জুন - ২০১৬-১৭ সালের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান।
- ঘ। ১লা জুলাই - ডাঃ বিধান চন্দ্র রায়ের ১২৩তম জন্মদিবস পালন ও স্মৃতিচারন।
- ঙ। ২৩শে জুলাই - পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্রের ১২৩তম জন্মদিবস উপলক্ষে বঙ্গবিভূষণ শ্রী কাশীকান্ত মৈত্র-সহ মাননীয় মন্ত্রী ও বিধায়ক ও সন্মানীয় সজ্জন ব্যক্তিবর্গ কর্তৃক পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্র স্মারক বক্তৃতা।
- চ। ২৪শে জুলাই - রক্তদান উৎসবে ৪১ জন সদস্য রক্তদাতা রক্তদান করেন। দুপুরে সকল বিভাগের স্থানীয় বিশেষজ্ঞ চিকিৎসকগণ যথা - ডাঃ বাসুদেব মণ্ডল, ডাঃ ব্রজেশ্বর মুখার্জী, ডাঃ কৌশিক ভট্টাচার্য্য, ডাঃ এ.কে.বেরা, ডাঃ রাহুল গুপ্ত, ডাঃ অঞ্জন সেনগুপ্ত, ডাঃ আই. আহমেদ ও ডাঃ সমরজিৎ দাস কর্তৃক সম্পূর্ণ বিনা খরচে প্রায় ১৬৫ জন নিম্নবিত্ত রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদান ও স্বাস্থ্য পরীক্ষা শিবির।
- ছ। ২৫শে জুলাই - পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্রের ৬৫ তম প্রয়ান দিবস উপলক্ষে সারাদিন ব্যাপী জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে আলোচনা, বহুবিধ জনকল্যানমুখী কর্মসূচী গ্রহণ। বিষয় :- “নারী সুরক্ষায় আইন ও প্রশাসনের ভূমিকা”, “স্বচ্ছতাই সুস্থ থাকার হাতিয়ার”, “মায়ের স্বাস্থ্য ভালো হলে শিশু বাড়ে মায়ের কোলে”, “ড্রাগের নেশা সর্বনাশা” বিশেষজ্ঞগণ কর্তৃক বক্তব্য ও আলোচনা এবং কৃষ্ণনগর গ্লোকাল হাসপাতালের বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ ডাক্তারবাবুগণ কর্তৃক নিম্নবিত্ত সাধারণ মানুষদের পরিষেবা প্রদান।
- জ। ১৫ই আগস্ট - পতাকা উত্তোলন, বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে মহাসমারোহে স্বাধীনতা দিবস উদযাপন ও শিশুদের মধ্যে মিষ্টি বিতরণ।
- ঝ। ২রা অক্টোবর - মহাত্মা গান্ধীর জন্মদিবস পালন, মাল্যদান ও স্মৃতিচারণ।
- ঞ। ১৯শে অক্টোবর - সদস্য/সদস্যা ও শুভানুধ্যায়ীদের নিয়ে বিজয়া সন্মিলনী অনুষ্ঠান।
- ট। ১২ই জানুয়ারী - স্বামী বিবেকানন্দ-এর জন্ম দিবস তথা জাতীয় যুব দিবস পালন ও বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে বিবেকানন্দ স্মারক বক্তৃতা।
- ঠ। ২৩শে জানুয়ারী - নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিবস পালন, প্রতিকৃতিতে মাল্যদান ও বিশিষ্টজন কর্তৃক বক্তব্য, শিশুদের মিষ্টান্ন বিতরণ।
- ড। ২৬শে জানুয়ারী - পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে প্রজাতন্ত্র দিবস পালন, বিশিষ্টজন কর্তৃক দিনটির তাৎপর্য্য ব্যাখ্যা ও শিশুদের মিষ্টান্ন বিতরণ। এই দিনই পূর্ববর্তী বছরগুলির ন্যায় এবারও সদস্য ও শুভানুধ্যায়ীগণের ব্যক্তিগত চাঁদায় সংস্খাভবনে সামুদায়িক ভোজনের আয়োজন করা হয়।
- ঢ। ১৫ই মার্চ - বিশ্বক্রেতা সুরক্ষা দিবস উপলক্ষে বিশাল জনসচেতনতা শিবির ও বিজ্ঞজন কর্তৃক আলোচনা।
- ণ। ১৮ই মার্চ - আমাদের প্রতিষ্ঠানের একান্ত আপনজন মানবদরদী ডাঃ সুব্রত মৈত্রের ২য় প্রয়ান বার্ষিক স্মরণসভা ও ডেঙ্গু প্রতিরোধ কল্পে কর্মসূচী এবং প্রায় পঞ্চাশজন নিম্নবিত্ত মানুষকে ৬ফুট x ৭ফুট মশারী প্রদান।

এভিন্ন প্রতি ইংরাজি মাসের দ্বিতীয় রবিবার পূর্ববর্তী মাসের কৃত কর্মের মূল্যায়ণ ও আগামী মাসের কর্তব্য নির্ধারণের জন্য কার্যকরী কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয় ও বিভিন্ন দিনে বিভিন্ন সমাজ কল্যাণকর কর্মসূচী ও জনসচেতনতা শিবির হয়, যা স্থানাভাবে প্রকাশ করা সম্ভব হলো না।